NSW GOVERNMENT

# Suspension factsheet: supporting your child's wellbeing

## Parent/carer information

# বরখাস্তের তথ্যপাতা: আপনার সন্তানের কল্যাণকে সমর্থন করা

## পিতামাতা/পরিচর্যাকারীর জন্য তথ্য

### কীভাবে আপনার সন্তানকে সহায়তা করবেন

বরখাস্তের সময় আপনার সন্তানের স্বাস্থ্য এবং কল্যাণকে সমর্থন করতে শুরু করার একটি ভাল জায়গা হল বিশেষজ্ঞের তথ্য এবং পরামর্শ সংগ্রহ করা। আপনার সন্তানের কল্যাণ সমর্থন করার জন্য কার্যকরমূলক পরামর্শ এবং তথ্যের জন্য নিম্নলিখিত পৃষ্ঠায় সাহায্যের উপায়গুলো দেখুন:

- কল্যাণ (Wellbeing)

বাড়ি এবং স্কুলের মধ্যে ইতিবাচক এবং উন্মুক্ত যোগাযোগ শিক্ষার্থীদের সফল হওয়ার সর্বোত্তম সুযোগ প্রদান করতে সাহায্য করে।

- আপনার সন্তানকে আশ্বস্ত করুন যে তারা স্কুল সম্প্রদায়ের একজন মূল্যবান সদস্য।
- কোন উদ্বেগ থাকলে স্কুলকে জানান।
- শিক্ষার ক্ষেত্রে আপনার সন্তানের জড়িত হওয়া সমর্থন করে এমন কৌশলগুলোর বিকাশ এবং বাস্তবায়ন করতে স্কুল দলের সাথে অংশীদার ভিত্তিতে কাজ করুন।
- আপনার সন্তানের বরখাস্ত সমাধান সভায় যোগ দিন। এটি মুখোমুখি, অনলাইন বা ফোনে এমন আকারে হতে পারে যা ইতিবাচক আলোচনার সর্বোত্তম সুযোগ দেবে।
- আপনার সন্তানের সাথে উপযুক্ত আচরণ সম্পর্কে কথা বলুন যা ইতিবাচক, নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক এবং সম্মানজনক শিক্ষার পরিবেশ তৈরি করে।
- আপনার সন্তানকে সক্রিয়ভাবে তাদের চিন্তাভাবনা এবং ধারণাগুলোকে সম্মানের সাথে শেয়ার করতে উৎসাহিত করুন।

### সাময়িক বরখাস্ত থাকা অবস্থায় বাড়ি থেকে শেখা

- সাময়িক বরখাস্তের সময় কর্মীদের একজন সদস্য নিয়মিত আপনার এবং আপনার সন্তানের সাথে যোগাযোগ করবেন।
- দিনের বেলা কর্মকাণ্ডের জন্য একটি নির্দিষ্ট সময় বের করে, একটি নিরিবিলি স্থান খুঁজে এবং কীভাবে তাদের শেখার অগ্রগতি হচ্ছে তা জিজ্ঞাসা করে আপনার সন্তানকে শিক্ষায় সহায়তা করুন।
- নিশ্চিত করুন যে তারা যেন বিরতি পায়, পানি পান করে এবং যদি তারা চাপ অনুভব করে বা চিন্তিত হয়ে পড়ে তবে তাদের সাহায্য করুন।
- শারীরিক কার্যকলাপের জন্য সময় দিন।
- নিরাপদে প্রযুক্তি ব্যবহার করার জন্য আপনার সন্তানের তদারকি করুন। প্রযুক্তি ব্যবহার করার (Using technology) সাইটে তথ্য এবং উপাদান রয়েছে যা আপনার কাজে লাগতে পারে।

### সাহায্যকারী লিংকসমূহ

- শিক্ষার প্যাকেজ (Learning packages)
- অক্ষমতা শিক্ষা এবং সহায়তা পরামর্শ (Disability learning and support advice)
- আচরণ সমর্থন টুলকিট: পিতামাতার জন্য সহায়তা (Behaviour support toolkit: support for parents)
- আপনার সন্তানকে বাড়ি থেকে শিখতে সাহায্য করা (Helping your child learn from home)
- কিডস্ হেল্পলাইন (Kids Helpline) হল অস্ট্রেলিয়ার ৫ থেকে ২৫ বছর বয়সী তরুণ তরুণীদের জন্য একমাত্র বিনামূল্যে ফোন পরামর্শ পরিষেবা৷ 1800 55 1800 নম্বরে কল করুন৷

### টেলিফোন দোভাষী পরিষেবা

আপনি যদি স্কুলের সাথে যোগাযোগ করতে চান এবং ইংরেজিতে সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন, আপনার কোন ভাষা প্রয়োজন তাদের বলুন এবং অপারেটরকে স্কুলে ফোন করতে বলুন। আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।